ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০০৫ ● কলকাতা ● ২০ পৌষ, ১৪৩১ ● রবিবার ● ০৫ জানুয়ারী ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা



আবারও সামনে সুস্মিতার পুরনো প্রেম

পৃ 7



ক্রমশ বাড়তে থাকা সেই অনিশ্চয়তা নিয়ে চিন্তিত নন সালাহ

পৃ 8

# দুর্নীতি ফাঁস করেই মর্মান্তিক পরিণতি! অকালে চলে গেলেন সাংবাদিক



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

দেশে ফের খুন হলেন সাংবাদিক । এবার ছত্তিশগড়ে এক ঠিকাদারের বাড়ির সেপটিক ট্যাঙ্ক থেকে উদ্ধার হল মুকেশ চন্দ্রকর নামের এক যুব সাংবাদিকের দেহ। গত ১ জানুয়ারি থেকে নিখোঁজ ছিলেন তিনি। ৩ জানুয়ারি পাওয়া গেল তাঁর নিথর শরীর।একন একটাই প্রশ্ন উঠছে, সাংবাদিককে কে খুন করল? যেহেতু ওই

এরপর 3 পৃষ্ঠায়

# কয়লা, লোহা পাচার হলে কেন বালি আটকানো হবে? পুলিশকে ঘিরে বিক্ষোভ চালকদের, গ্রেপ্তার ৭



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

**আসানসোল:** হোক বেআইনি। তবু বালি পাচার করতে দিতে হবে। ছোট ডালা অটো, ট্রাক্টরে করে বালি নিয়ে যেতে দিতে হবে। এই দাবিতে গাড়িচালকরা পুলিশকে ঘিরে বিক্ষোভ দেখালেন। আসানসোলের কুলটির সাকতোরিয়া ফাঁড়ির পুলিশকে ঘিরে ওই বিক্ষোভের ভিডিও ভাইরাল হয়েছে। যদিও সেই ভিডিওর সত্যতা যাচাই করেনি সংবাদ প্রতিদিন ডিজিটাল। এই ঘটনার পর

এরপর 3 পৃষ্ঠায়


# চুক্তি হয়েছিল হাসিনার আমলে, প্রশিক্ষণ নিতে ভারত যাচ্ছেন বাংলাদেশের ৫০ বিচারক



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

**ঢাকা:** প্রশিক্ষণের জন্য ভারত যাচ্ছেন নিম্ন আদালতের ৫০ জন বিচারক। ভোপালের ন্যাশনাল জুডিশিয়াল অ্যাকাডেমি এবং স্টেট জুডিশিয়াল অ্যাকাডেমিতে প্রশিক্ষণের জন্য তাঁদের অনুমতি দেওয়া হয়েছে। সুপ্রিম কোর্টের পরামর্শের পরিপ্রেক্ষিতে এই অনুমতি দেয় আইন মন্ত্রক। এনিয়ে চুক্তি

এরপর 2 পৃষ্ঠায়






# পান্ডার মাধ্যমে পুজো দিলে মিলবে হোটেল, তারাপীঠে নয়া ফতোয়ায় তুমুল আলোড়ন



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

তারাপীঠের হোটেল পর্যটকদের উপর এমন অনৈতিক ফতোয়া জারি করা হয়েছে বলে অভিযোগ। হোটেলের ঘর দেখে পছন্দ করে ভাড়া ঠিক হওয়ার পরই হোটেল থেকে জানানো হচ্ছে এই নয়া ফতোয়া। কোন পান্ডাকে দিয়ে মন্দিরে পুজো দেবেন সেটা ঠিক করে দেবেন হোটেল কর্তৃপক্ষ।এছাড়া এই ঘটনায় একদিকে সমস্যায় পড়ছেন পর্যটকরা, অপরদিকে উপার্জন কমছে পান্ডাদেরও এবং সমস্যায় পড়ছেন দালালরাও। এই বিষয়টি নিয়ে তারাপীঠ মন্দিরের সেবাইত সৈকত মুখোপাধ্যায় বলেছেন, 'এরকম ঘটনার কথা আমরা বেশ কিছুদিন ধরেই শুনছি। তবে সেটা সত্যি না মিথ্যে তা বলতে পারব না।' হোটেল মালিকদের সঙ্গে পান্ডাদের একাংশের যোগ রয়েছে। পর্যটক পিছু পান্ডাদের কাছ থেকে কমিশন নিচ্ছে সেই সব হোটেল। আর ১ পৌষ থেকে তারাপীঠ মন্দিরে পুজো দেওয়ার নিয়মে বদল এসেছে। সাধারণ লাইন ছাড়াও বিশেষ লাইনে পুজো দেওয়ার ব্যবস্থা করা হয়েছে।এই প্রচ্ছন্ন ফতোয়া অনেক পর্যটকই সহ্য করেছেন গত কয়েকদিনে। এই বিষয়টি নিয়ে এবার নড়েচড়ে বসল তারাপীঠ হোটেল অ্যাসোসিয়েশন।

এদিকে বহু পর্যটক দ্বিধাদ্বন্দ্বে ভুগছেন নিজেদের পূর্ব পরিচিত পান্ডাকে দিয়ে পুজো দিতে না পারার জন্য। এমন ঘটনা যে ঘটছে সেটার সত্যতা স্বীকার করেছেন হোটেল অ্যাসোসিয়েশনের সভাপতি সুনীল গিরি। তিনি বলেন, 'অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে পরিষ্কার করে বলে দেওয়া হয়েছে, পর্যটকদের উপর এমন ফতোয়া চাপিয়ে দেওয়া যাবে না। তারাপীঠ মন্দিরে পুজোর বিষয়ে আমরা কেউ যুক্ত থাকব না। যদি কোনও হোটেল পর্যটকদের সঙ্গে এমন চাপের আচরণ করলে সেই প্রতিষ্ঠানের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হবে।' সাধক বামাক্ষ্যাপার সিদ্ধিলাভের তারাপীঠে সারা বছরই লক্ষ লক্ষ পর্যটক আসেন। পুজো দিয়ে মায়ের আশীর্বাদ নেন। রাতে থাকার জন্য তারাপীঠ মন্দির সংলগ্ন এলাকায় গড়ে উঠেছে শতাধিক হোটেল। অন্যদিকে

এরপর 3 পৃষ্ঠায়

## মালদহের পর এবার মুর্শিদাবাদে শুটআউট, গুলিবিদ্ধ যুবক



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

**বহরমপুর:** ফের শুটআউট। মালদহের পর এবার মুর্শিদাবাদ। গুলিবিদ্ধ এক যুবক মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন। অভিযোগ, বিসর্জনের শোভাযাত্রা থেকে বাড়ি ফেরার পথে গুলিবিদ্ধ হন ওই যুবক। কে বা কারা কী উদ্দেশে গুলি চালাল, তা এখনও স্পষ্ট নয়।অসমর্থিত সূত্রে খবর, ওই গ্রামে তৃণমূলের একটি অনুষ্ঠান ছিল। সেই অনুষ্ঠান শেষে বাড়ি ফেরার পথে গন্ডগোল বাঁধে। বচসা চলাকালীন গুলি চলে বলে অভিযোগ। গ্রামবাসীরা তৃণমূলের একটি বাস আটকে রেখেছে বলে অভিযোগ। ইতিমধ্যে ঘটনাস্থলে নওদা

এরপর 3 পৃষ্ঠায়

(1ম পাতার পর)

## চুক্তি হয়েছিল হাসিনার আমলে, প্রশিক্ষণ নিতে ভারত যাচ্ছেন বাংলাদেশের ৫০ বিচারক

স্বাক্ষরিত হয়েছিল শেখ হাসিনার আমলে।এদিকে, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের বিরুদ্ধে দায়ের করা তোলাবাজির চারটি মামলা বাতিল করেছে হাই কোর্ট। মামলা বাতিল সংক্রান্ত রায়ের বিরুদ্ধে লিভ টু আপিল করেছে রাষ্ট্রপক্ষ। আগামীকাল রবিবার আপিল বিভাগের কার্যতালিকায় রাষ্ট্রপক্ষের এসব আবেদন শুনানির জন্য অন্তর্ভুক্ত করা হয়েছে। বিচারপতি মহম্মদ আশফাকুল ইসলামের নেতৃত্বাধীন আপিল বিভাগের চার বিচারপতির বেঞ্চে এসব আবেদনের উপর শুনানি হবে। আবেদনে রাষ্ট্রপক্ষ বলেছে, মামলা বাতিল করে হাই কোর্ট যে রায় দিয়েছেন তা সঠিক হয়নি।জানা গিয়েছে, প্রশিক্ষণের জন্য সহকারী জজ, সিনিয়র সহকারী জজ, যুগ্ম জেলা ও জজ, অতিরিক্ত জেলা ও দায়রা জজ, জেলা ও দায়রা জজ এবং সমপর্যায়ের আধিকারিকদের মনোনয়ন দেওয়া হয়েছে। এসব বিচার বিভাগীয় আধিকারিকরা আগামী ১০ থেকে ২০ ফেব্রুয়ারি পর্যন্ত ভোপালে প্রশিক্ষণে অংশ নেবেন। এ বিষয়ে আইন মন্ত্রকের আইন ও বিচার বিভাগ বিজ্ঞপ্তি দিয়েছে। তাতে বলা হয়েছে, প্রশিক্ষণের যাবতীয় ব্যয় ভারত সরকার বহন করবে। এতে বাংলাদেশ সরকার কোনও আর্থিক সাহায্য করবে না।প্রসঙ্গত, ২০১৭ সালের এপ্রিল মাসে তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভারত সফরে বাংলাদেশের বিচার বিভাগীয় আধিকারিকদের প্রশিক্ষণের লক্ষ্যে বাংলাদেশের সুপ্রিম কোর্ট এবং ভারতের ন্যাশনাল জুডিশিয়াল অ্যাকাডেমির মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছিল। ওই সমঝোতা স্মারকের পর সেবছরের ২৯ জুলাই এক অনুষ্ঠানে তৎকালীন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা বলেছিলেন, "পৃথিবীর প্রতিটি দেশে উচ্চ আদালতের বিচারকদের জন্য ট্রেনিংয়ের ব্যবস্থা রয়েছে। ভারতের প্রতিটি রাজ্যে উচ্চ আদালতের বিচারকদের ট্রেনিংয়ের জন্য একটি জুডিশিয়ারি ট্রেনিং ইনস্টিটিউট আছে। সেখানে আমাদের ১৫০০ থেকে ১৬০০ বিচারকের ট্রেনিংয়ের জন্য চুক্তি করা হয়েছে।" এরপর প্রথমবার ওই বছরের ১০ অক্টোবর থেকে ২৪ অক্টোবর পর্যন্ত প্রশিক্ষণ নিতে ভারতে যান।






(1ম পাতার পর)

# দুর্নীতি ফাঁস করেই মর্মান্তিক পরিণতি! অকালে চলে গেলেন সাংবাদিক

ঠিকাদারের বাড়ি থেকে দেহ উদ্ধার হয়েছে, তাই প্রাথমিক তদন্তের পর সুরেশ চন্দ্রশেখরকে হায়দরাবাদ থেকে গ্রেফতার করেছে ছত্তিশগড় পুলিশ। পাশাপাশি, দেহ উদ্ধারের অভিযোগে ঠিকাদারের এক কর্মীকেও গ্রেফতার করা হয়েছে বলে খবর। কিন্তু মুকেশের খুনের নেপথ্যে আসল কারণ কি সত্য উন্মোচন? এই প্রশ্নের উত্তর খুঁজছে পুলিশ।আর এই ঘটনাকে ঘিরে শোরগল পড়েছে গোটা দেশে। কারণ, মুকেশ ছিলেন এমন একজন সাংবাদিক যিনি ১২০ কোটি টাকার একটি দুর্নীতির পর্দাফাঁস করেছিলেন। সেই ঘটনার প্রভাবেই কি খুন হতে হল এই সাংবাদিককে? এই প্রশ্নটা আরও বেশি জোরালো হচ্ছে। আমাদের কাগজের সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার এভাবে সত্য খবর প্রকাশ করে বলেই তাকেও খুন করার চক্রান্তে অব্যাহত রয়েছে।তবে সমস্ত সম্পাদক নিজে লিখিত জানিয়ে রেখেছে প্রশাসনের সর্বোত্তকে। অন্যদিকে পুলিশ জানিয়েছে, একটি সর্বভারতীয় সংবাদমাধ্যমে কাজ করতেন মুকেশ চন্দ্রকর। বাস্তারে একটি রাস্তা প্রকল্পে ১২০ কোটি টাকার একটি দুর্নীতি প্রসঙ্গে বেশ কয়েকটি খবর করেছিলেন। এই প্রকল্পে কী দুর্নীতি হচ্ছে, কীভাবে দুর্নীতি হচ্ছে, এই প্রসঙ্গে বেশ কিছু বিস্ফোরক তথ্য প্রকাশ করেছিলেন। সেই থেকেই দুর্নীতিতে সুরেশ চন্দ্রশেখর নামের একজন ঠিকাদারের নাম জড়িয়ে যায়। তাঁর বিরুদ্ধে তদন্তের নির্দেশ দেয় প্রশাসন। এবার সেই ঠিকাদারের বাড়ির সেপটিক ট্যাঙ্ক থেকে পাওয়া গেল সাংবাদিক মুকেশ চন্দ্রকরের দেহ।

(1ম পাতার পর)

# কয়লা, লোহা পাচার হলে কেন বালি আটকানো হবে? পুলিশকে ঘিরে বিক্ষোভ চালকদের, গ্রেপ্তার ৭

আরও কড়া পুলিশ-প্রশাসন। আসানসোল-দুর্গাপুর পুলিশ কমিশনারেটের তরফ থেকে জানানো হয়েছে, কোনও অবৈধ পাচার চলবে না। বালি পাচার রুখতে আরও কড়া ব্যবস্থা নেওয়া হবে। ঘটনায় চাপা উত্তেজনা রয়েছে কুলটিতে।ঘটনায় গ্রেপ্তার হয়েছেন সাত গাড়িচালক।

মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের কড়া বার্তার পর বন্ধ হয়েছে বালি পাচার। অভিযোগ, তারপরেও চোরাগোপ্তা ছোটগাড়িতে বালি পাচার চলছিল। বিশেষ করে ডিসেরগড়ের দামোদর তীরে রক্তা, হাতিনল ঘাট এলাকা থেকে বালি তোলা হয়। অথচ, পশ্চিম বর্ধমান জেলায় এই ঘাটগুলিতে বৈধ বালি তোলার অনুমতি নেই। তবু অবৈধভাবে ছোট গাড়িতে করে বালি নিয়ে যাওয়া হচ্ছে কুলটিতে। এই পাচার আটকে দিয়েছে পুলিশ। আর তার জেরেই বিক্ষোভ। বিক্ষোভকারীদের দাবি, কর্মসংস্থান নেই। তাই বালি পাচারের কাজ করতে দিতে হবে।শুক্রবার একটি বেআইনি বালি বোঝাই অটো ধরতে গিয়েই ঘটনার সূত্রপাত। রীতিমতো বিক্ষোভের মুখে পড়ে সাঁকতোড়িয়া পুলিশ। অভিযোগ, বালি পাচারকারীরা সেই অটো আটকাতে বাধা দেন চালকরা। পথ অবরোধ করে বিক্ষোভও চলে। গাড়ির চালকরা প্রকাশ্যে বলেন, বিকল্প কোনও কাজ নেই। বিকল্প কাজের ব্যবস্থা না হলে বালি চালানোর অনুমতি দিতে হবে। কয়লা, লোহা পাচার চললে বালিও পাচার করতে দিতে হবে। যদিও কোনও বক্তব্যকেই প্রশ্রয় দেননি পুলিশ কর্মীরা। বিক্ষোভ দেখানোর জন্য সাত গাড়িচালককে গ্রেপ্তার করা হয়। শনিবার আদালতে তুললে তাঁদের নিজেদের হেফাজতে চেয়েছে পুলিশ।

# দেশজুড়ে সমস্ত আঞ্চলিক অফিসে কেন্দ্রীয় পেনশন প্রদান ব্যবস্থা পুরোপুরি চালু হয়েছে

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

কর্মচারী পেনশন প্রকল্প ১৯৯৫-এর আওতায় যুগান্তকারী এক পদক্ষেপ হিসেবে পেনশন পরিষেবার প্রসার ঘটাতে ইপিএফও ডিসেম্বর ২০২৪-এ নতুন কেন্দ্রীয় পেনশন প্রদান ব্যবস্থা পূর্ণ মাত্রায় চালু করেছে। ৬৮ লক্ষেরও বেশি পেনশনভোগীকে ইপিএফও-র ১২২টি পেনশন প্রদান আঞ্চলিক অফিসের সবকটি থেকে প্রায় ১,৫৭০ কোটি টাকা পেনশন প্রদান করা হয়েছে।

অক্টোবর ২০২৪-এ কেন্দ্রীয় পেনশন প্রদান ব্যবস্থা প্রথম সাফল্যের সঙ্গে দেওয়ার কাজ শুরু হয় কার্নাল, জম্মু ও শ্রীনগরের আঞ্চলিক অফিস থেকে।

এখন দেশের সবকটি আঞ্চলিক অফিস থেকে পেনশন প্রদান সাফল্যের সঙ্গে চালু করার কথা ঘোষণা করেন কেন্দ্রীয় মন্ত্রী ডঃ মনসুখ মান্ডভিয়া। তিনি একে এক ঐতিহাসিক পদক্ষেপ আখ্যা দেন। কেন্দ্রীয় মন্ত্রী বলেন, এই রূপান্তরমূলক উদ্যোগে পেনশনভোগীরা দেশের যে কোনো ব্যাঙ্কের যে কোনো শাখা থেকে সহজেই পেনশন তুলতে পারবেন। এতে পেনশন বন্টন ব্যবস্থা সরলীকরণ সম্ভব হয়েছে। ব্যক্তিগতভাবে হাজির থেকে পেনশন তোলার বাধা দূর করাও

এরপর 4 পৃষ্ঠায়

(2 পাতার পর)

# মালদহের পর এবার মুর্শিদাবাদে শুটআউট, গুলিবিদ্ধ যুবক

থানার বিশাল পুলিশ বাহিনী পৌঁছেছে।আহত যুবকের নাম রিন্টু বিশ্বাস।নওদা থানার সর্বাঙ্গপুর গ্রামে বাড়ি। ওই যুবককে তড়িঘড়ি উদ্ধার করে প্রথমে নওদার আমতলা হাসপাতালে এবং পরে মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। ওই যুবকের গলায় গুলি লেগেছে বলে খবর।

শনিবার বিকেলে এলাকার তারা মায়ের বিসর্জন উপলক্ষে শোভাযাত্রা বেরিয়েছিল। সেই পথে তৃণমূলের কর্মীরা একটি অনুষ্ঠান শেষে বাড়ি ফিরছিলেন। অভিযোগ, ওই তৃণমূল কর্মীদের সঙ্গে বচসা বাঁধে শোভাযাত্রায় অংশগ্রহণকারীদের। সেই সময় ওই যুবককে হঠাৎ গুলি করা হয় বলে অভিযোগ। কে বা কারা গুলি চালাল, তা নিয়ে এখনও ধোঁয়াশা রয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে নওদা থানার পুলিশ।

(2 পাতার পর)

# পান্ডার মাধ্যমে পুজো দিলে মিলবে হোটেল, তারাপীঠে নয়া ফতোয়ায় তুমুল আলোড়ন

দালালরা পর্যটকদের হোটেলে নিয়ে গিয়ে ঘর ভাড়া করিয়ে দেন। বিনিময়ে হোটেল মালিকদের কাছ থেকে কমিশন নেন। সম্প্রতি কিছু হোটেল পর্যটকদের উপর অলিখিত ফতোয়া জারি করেছে। আর তাতেই বিপাকে পড়েছেন দালালরা এবং পর্যটকরা। হোটেল কর্তৃপক্ষের ঠিক করে দেওয়া পান্ডাকে দিয়েই পুজো দিতে বাধ্য করার ঘটনায় এখন শোরগোল পড়ে গিয়েছে। দালালরা পুজো দেওয়াতে পারেন না। কারণ তাঁরা পান্ডা নন মন্দিরের। আর পর্যটকরা এই ফতোয়া মেনে নিতে নারাজ। কারণ তাঁদের অনেকেরই চেনা পান্ডা রয়েছে। সেটা করতে চাইলেই ঘর মিলবে না বলে সাফ জানিয়ে দিচ্ছে হোটেল কর্তৃপক্ষ বলে অভিযোগ।

## সম্পাদকীয়

### সাক্ষীকেই অভিযুক্ত হিসেবে গ্রেফতার, আদালতে ভর্ৎসনার মুখে ইডি

রাজ্যে এখনও চলছে রেশন দুর্নীতির মামলা। ইডির তদন্ত প্রক্রিয়া নিয়ে আগে প্রশ্ন তুলেছিল আদালত। এই পরিস্থিতিতে সাক্ষীকেই অভিযুক্ত হিসেবে গ্রেফতার করায় ফের ভর্ৎসনার মুখে পড়ল ইডি। বিচারকের কথায়, একজন চাটার্ড অ্যাকাউন্টট্যান্টের বেতন ঠিক করে দিতে পারে না কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা।অন্যদিকে বিচারক প্রশ্ন করেন, তিনটে সংস্থার টাকা যে ওঁ ফেরত দিচ্ছেন, সেটা কি আপনাদের অর্ডারে? ইডি কি এই কোম্পানিগুলোর মালিক?" জবাবে ইডির আইনজীবী জানান, এগুলো সরকারি কোম্পানি। এরপরই বিচারকের প্রশ্ন, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টরা ডিমান্ড ড্রাফটে টাকা ফেরত দিচ্ছে কেন? বিচারকের প্রশ্ন, কোন আইনের ভিত্তিতে এটা হয়েছে? বিচারক আরও বলেন, "পিএমএলএ অ্যাক্টে কীভাবে গ্রেফতার করা হবে, কখন করা হবে, কীভাবে তদন্ত হবে, সব লেখা আছে।" এরপর বিচারক প্রশ্ন তোলেন ধৃতদের হেফাজতে চাওয়া নিয়েও। বর্তমানে এই মামলার রায়দান আপাতত স্থগিত রয়েছে ।শনিবার সকালে কলকাতার বিচারভবনে স্পেশাল সিবিআই কোর্টে বিচারক প্রশান্ত মুখোপাধ্যায়ের এজলাসে রেশন দুর্নীতির ইডির মামলায় চালকল মালিক হিতেশ চন্দক, সুব্রত ঘোষ, জ্যোতিপ্রিয় মল্লিকের চাটার্ড অ্যাকাউন্টট্যান্টের শান্তনু ভট্টাচার্য-সহ চারজনের জামিন মামলার শুনানি ছিল। তাদের ১৪ দিনের জেল হেফাজতের আবেদন জানায় ইডির আইনজীবী। এই পরিপ্রেক্ষিতে শান্তনু ভট্টাচার্যের আইনজীবী শ্যামল ঘোষ জানান, এই মামলা কবে শেষ হবে তার কোনও ঠিকানা নেই! ২০২৩ সাল থেকে তদন্ত হচ্ছে। তিনি আরও বলেন, "আমি একজন একজন চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট। সামাজিক সম্মান আছে। আমার এই মামলা সঙ্গে কোনও সংযোগ নেই। তাও তদন্তের স্বার্থে আমি ২৮ বার হাজিরা দিয়েছি। এই ট্রায়াল তাড়াতাড়ি শেষ করার আরজি জানাচ্ছি।" শান্তনুর অপর আইনজীবী অনিন্দ্য রাউত বলেন, "এতদিনে একবারও দেখানো হয়েছে যে আমার মক্কেল বেনিফিশিয়ারি! ওঁ কাকে কত টাকা দেবেন, সেটা ওরা (ইডি) কী করে বলে দিতে পারেন?" তিনি আরও জানান, "আমাদের থেকে টাকা ডিমান্ড ড্রাফটের মাধ্যমে ইডির হতে গিয়েছে।"

# বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



মৃত্যুঞ্জয় সরদার
(বিয়ালিশতম পর্ব)



আদিত্য বলে উল্লিখিত। অতএব ওই দেবজননী অদিতিকে অত্যন্ত প্রাচীন বলতে হবে। হয়তো খুব সুপ্রাচীন কালে ঋগ্বেদের প্রাচীনতর অংশ রচিত হবারও আগে, প্রাচীনতম কবিদের সুদূর স্মৃতিতে এই আদি জননীর কথা স্বতন্ত্র ও স্বাধীন গৌরবে প্রতিষ্ঠিত ছিল। কিন্তু লক্ষণীয় বিষয় হলো, ঋগ্বেদ রচনাকালেই তা অস্পষ্ট হয়ে গিয়েছে। কেননা, বৈদিক কবিদের একান্ত পুরুষ-প্রধান ধ্যানলোকে এই আদি-জননীর গৌরব বহুলাংশেই ক্ষুণ্ণ ও খর্ব হয়েছে। তাই আদিত্যদের কথা বাদ দিয়ে তাঁর স্বতন্ত্র উলেখ একান্তই দুর্লভ। শুধু তাই নয়। ঋগ্বেদের বর্ণনা অনুসারে দেবী অদিতি বারবার ইন্দ্রের স্তুতিতে নিযুক্ত। অতএব অদিতির আদি-গৌরব সংক্রান্ত যে-কথাই কল্পনা করা হোক না কেন, তাঁর নজির থেকে অন্তত ঋগ্বেদের যুগে কোনো রকম দেবী প্রাধান্য প্রমাণ হবে না।

বাকি থাকে ঊষার কথা। ঋগ্বেদের অন্তত ২০টি সূক্ত তাঁর স্তুতিতে রচিত এবং তাঁর উলেখ ৩০০ বারেরও বেশি। অতএব ঊষাকে নেহাতই

ক্রমশঃ
(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)


(৩ পাতার পর)

# দেশজুড়ে সমস্ত আঞ্চলিক অফিসে কেন্দ্রীয় পেনশন প্রদান ব্যবস্থা পুরোপুরি চালু হয়েছে

সম্ভব হয়েছে। ইপিএফও সিপিপিএস ব্যবস্থার মাধ্যমে পেনশন প্রাপকদের পেনশন পাওয়ায় যাবতীয় বাধা দূর করা সম্ভব হবে। পরিষেবায় আধুনিকীকরণের স্বার্থে প্রযুক্তিবান্ধব এই ব্যবস্থায় স্বাচ্ছন্দ্য বাড়বে, পরিষেবায় স্বচ্ছতা আসবে, যা পেনশনভোগীদের পেনশন তোলার ক্ষেত্রে সবরকম বাধা দূর করবে।

নতুন এই ব্যবস্থার ফলে পেনশন প্রাপকরা এক জায়গা থেকে অন্যত্র গেলেও অথবা তাঁদের ব্যাঙ্কের শাখা পরিবর্তন করলেও পিপিও ট্রান্সফারের প্রয়োজন ব্যাতিরেকে দেশজুড়ে পেনশন প্রদানের কাজকে তা সুনিশ্চিত করবে। ২০২৫-এর জানুয়ারি থেকে পূর্ণমাত্রায় এই পরিষেবা পাওয়া যাবে। পেনশনভোগীদের কাছে নিঃসন্দেহে এটা এক বড় স্বস্তির কারণ, কেননা অবসর গ্রহণের পরে পেনশনভোগীদের অনেকেই বাসস্থানের জায়গা পরিবর্তন করে থাকেন। নতুন

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



-: মৃত্যুঞ্জয় সরদার :-

মনের যে কোনও ইচ্ছা পূরণ হয়:
গৃহস্থে যখন পজেটিভ শক্তির মাত্রা বাড়তে শুরু করলে গুড লাক রোজের সঙ্গী হয়ে ওঠে। আর এমনটা যখন হয়, তখন মনের ছোট থেকে ছোটতর ইচ্ছা পূরণ হতে যে সময় লাগে না, তা কি আর বলার অপেক্ষা রাখে।
পড়াশোনায় উন্নতি ঘটে: ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# কেজরিওয়াল, ভার্মা এবং দীক্ষিত নয়াদিল্লি আসনের জন্য তীব্র প্রতিদ্বন্দ্বিতার জন্য প্রস্তুত



**নভেশ কুমার, সিনিয়র সাংবাদিক**

**নয়াদিল্লি, 4 জানুয়ারী 2025 (এজেন্সি):** দিল্লি বিধানসভা নির্বাচন যতই ঘনিয়ে আসছে, প্রার্থীদের বিষয়ে ছবি আরও পরিষ্কার হচ্ছে।

সবচেয়ে গুরুত্বপূর্ণ আসনে, নয়াদিল্লি, এএপি প্রধান এবং প্রাক্তন মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের মুখোমুখি হতে চলেছেন দুই প্রাক্তন মুখ্যমন্ত্রীর ছেলে: শ্রী প্রবেশ ভার্মা এবং শ্রী সন্দীপ দীক্ষিত।

প্রাক্তন মুখ্যমন্ত্রী সাহেব সিং ভার্মার ছেলে মিঃ ভার্মা এবং প্রয়াত প্রাক্তন মুখ্যমন্ত্রী শীলা দীক্ষিতের ছেলে মিঃ দীক্ষিত, উভয়েই দিল্লি থেকে সংসদ সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছেন।

বিজেপি আজ নতুন দিল্লি বিধানসভা আসনের জন্য মিঃ ভার্মার প্রার্থিতা ঘোষণা করেছে। এই আসনটি বর্তমানে সংসদে প্রতিনিধিত্ব করছেন দিল্লির প্রাক্তন মুখ্যমন্ত্রী প্রয়াত সুষমা স্বরাজের কন্যা বাঁসুরি স্বরাজ।

প্রাক্তন ক্রিকেটার কীর্তি আজাদ 1993 সালে নতুন দিল্লি বিধানসভা আসন থেকে বিজেপির প্রথম নির্বাচিত প্রতিনিধি ছিলেন। পরবর্তীকালে, প্রয়াত শীলা দীক্ষিত, যিনি 1998 সাল থেকে দিল্লির মুখ্যমন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করেছিলেন, 15 বছর ধরে এই আসনটির প্রতিনিধিত্ব করেছিলেন।

2012 সাল থেকে, প্রাক্তন মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল নয়া দিল্লি বিধানসভা আসনের প্রতিনিধিত্ব করছেন। জনাব কেজরিওয়াল আন্না হাজারে আন্দোলনের মাধ্যমে সক্রিয় রাজনীতিতে প্রবেশ করেন।

# সঞ্জয়ের ফাঁসি চেয়েও অভয়ার বাবা-মা বলছেন, 'আরও কেউ আছে, তদন্ত হোক'

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

সিবিআইয়ের পর এবার সঞ্জয় রায়ের সর্বোচ্চ সাজার আবেদন জানালেন অভয়ার মা-বাবার আইনজীবীও। তাঁদের আবেদন, সঞ্জয়ের সর্বোচ্চ সাজা হোক। কিন্তু ধর্ষণ ও খুনে সঞ্জয় ছাড়া আরও কেউ যুক্ত থাকতে পারে বলে অনুমান তাঁদের। সেদিকটাও খতিয়ে দেখার আবেদন জানান আর জি করে নির্যাতিতা চিকিৎসকের পরিবার।আগস্ট থেকে আর জি কর কাণ্ডে তোলপাড় বাংলা। মহিলা চিকিৎসক ধর্ষণ ও খুনে সিবিআইয়ের মামলায় শিয়ালদহে এডিজে আদালতে অভিযুক্ত সঞ্জয় রাইয়ের বিরুদ্ধে বিচারপর্ব চলছে। মামলার বিচারপর্ব প্রায় শেষের দিকে। অভিযুক্ত সঞ্জয় রায়ের বিচারপর্বে বৃহস্পতিবার সিবিআইয়ের যুক্তি দিয়ে বক্তব্য পেশ শেষ হয়। সিবিআইয়ের




আইনজীবী যুক্তি দিয়ে আদালতকে জানান, এই ধর্ষণ ও খুনের অভিযুক্ত সঞ্জয় রাইয়ের বিরুদ্ধে কী কী প্রমাণ রয়েছে। কেনই বা সিবিআই তাকে অভিযুক্ত হিসাবে গণ্য করছে। তদন্তকারীদের দাবি, আর জি করে চিকিৎসককে ধর্ষণ ও খুন বিরলতম ঘটনা। তাই ধৃত সঞ্জয়ের ফাঁসির সাজার দাবি জানিয়েছে সিবিআই। এবার সেই দাবি জানাল অভয়ার মা-বাবাও। শনিবার শিয়ালদহ আদালতে যান নির্যাতিতার বাবা-মা। সেখানে একটি ৫৭ পাতার বক্তব্য জমা দেন। সেখানে ওঁরা আরও তদন্ত চেয়েছেন। অভয়ার বাবা-মা-র দাবি, সঞ্জয় একা যুক্ত নয়, এর পিছনে আরও কেউ আছে। তাই আরও তদন্ত হোক। আরও কারা জড়িত আছে তা খুঁজে বার করে নতুন করে চার্জশিট জমা দেওয়া হোক। এরপর সঞ্জয় রায়ের আইনজীবীরা বলতে শুরু করেন। তাঁদের বক্তব্য ছিল যে সঞ্জয় এই ঘটনার সঙ্গে যুক্ত না। মামলায় পারিপার্শ্বিক সাক্ষ্যপ্রমাণ তুলে ধরা হয়েছে। আইনজীবীদের যুক্তি, সিসিটিভিতে যে সময় ফ্রেম দেখা যাচ্ছে তাতে একজনের পক্ষে এই কাজ করা সম্ভব না। এর পিছনে অন্য কেউ থাকতে পারে। মামলার পরবর্তী শুনানি ৮ জানুয়ারি।

# নতুন দিল্লিতে দ্বীপ উন্নয়ন সংস্থা (আইডিএ)-র সপ্তম বৈঠকে পৌরোহিত্য করেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

নতুন দিল্লিতে আজ দ্বীপ উন্নয়ন সংস্থা (আইডিএ)-র সপ্তম বৈঠকে পৌরোহিত্য করেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী শ্রী অমিত শাহ। বৈঠকে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের লেফটেন্যান্ট গভর্নর অবসরপ্রাপ্ত অ্যাডমিরাল ডি কে যোশী, শ্রী প্রফুল্ল প্যাটেল, লক্ষদ্বীপের প্রশাসক শ্রী মোহন গান্ধী, বিভিন্ন মন্ত্রকের সচিব ও পদস্থ আধিকারিকরা।

বৈঠকে কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী শ্রী অমিত শাহ আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জ ও লক্ষদ্বীপের চলতি উন্নয়নমূলক উদ্যোগের অগ্রগতির পর্যালোচনা করেন। ডিজিটাল সংযোগ ব্যবস্থা, বিমান যোগাযোগ এবং বন্দরের উন্নয়ন সহ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের বিস্তারিত ব্যাখ্যা আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ প্রশাসন এবং লক্ষদ্বীপ প্রশাসনের স্বরাষ্ট্র মন্ত্রকের পক্ষ থেকে তুলে ধরা হয়।

শ্রী অমিত শাহ আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ এবং লক্ষদ্বীপে সৌর ও বায়ুশক্তি ব্যবস্থা প্রসারের উপর গুরুত্ব দেন। এই সমস্ত এলাকায় পুনর্নবীকরণযোগ্য শক্তি

এরপর 6 পৃষ্ঠায়



# মোদির দেওয়া বহু মূল্যবান হিরে ব্যবহার করবেন না জিল বাইডেন, কেন?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

২০২৩ সালে আমেরিকা সফরে গিয়েছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। মার্কিন ফার্স্ট লেডি জিল বাইডেনকে নানা বহু মূল্যবান উপহার দিয়েছিলেন তিনি। যার মধ্যে রয়েছে একটি হিরে। দাম ২০ হাজার মার্কিন ডলার। ভারতীয় মুদ্রায় যা প্রায় ১৭ লক্ষ ১৫ হাজার টাকা। কিন্তু এখন আর এই বিশেষ হিরে ব্যবহার করতে পারবেন না মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের স্ত্রী।তাই সরকারি পদে থাকাকালীন বাইডেন ও তাঁর স্ত্রী যা যা উপহার পেয়েছেন সেগুলো আর্কাইভে পাঠিয়ে দেওয়া হয়েছে। আর ওই হিরেটি সরকারি কাজেই ব্যবহারের উদ্দেশে হোয়াইট হাউসের ইস্ট উইংয়ে রাখা হয়েছে। প্রসঙ্গত, সফরে মোদি হাতে খোদাই করে তৈরি করা একটি চন্দনকাঠের বাক্স জো বাইডেনকে উপহার দিয়েছিলেন। যার ভিতরে ছিল রুপোর তৈরি একটি গণেশ মূর্তি এবং একটি প্রদীপ। এছাড়াও, 'উপনিষদের ১০ নীতি' শীর্ষক একটি বইও বাইডেনকে উপহার দিয়েছিলেন তিনি। তবে জিল বিভিন্ন দেশের প্রতিনিধিদের কাছ থেকে যে সমস্ত উপহার পেয়েছিলেন তার মধ্যে মোদির দেওয়া ওই হিরেই টেক্কা দিয়েছে মূল্য ও কৌলীন্যে।প্রধানমন্ত্রী মোদি যখনই বিদেশ সফরে যান নানা ধরনের উপহারের পসরা সাজিয়ে নিয়ে যান। যেগুলো তৈরি করেন ভারতের বিভিন্ন রাজ্যের কারিগররা। ফলে সেই উপহার থাকে ভারতীয় সংস্কৃতির ছোঁয়া। ২০২৩ সালে মার্কিন প্রেসিডেন্ট বাইডেন ও তাঁর স্ত্রী জিলকে দেওয়া উপহারগুলোও ছিল চোখ ধাঁধানোর মতো। যার মধ্যে সকলের নজর কাড়ে ৭.৫ ক্যারেটের 'গ্রিন ল্যাব গ্রোন ইকো-ফ্রেন্ডলি হিরে'। যে বাক্সে বহু মূল্যবান হিরেটি দেওয়া হয়েছিল সেটিও বিশেষ গোত্রের। কাগজের মণ্ড দিয়ে তৈরি। কিন্তু এগুলো এখন আর জিল বাইডেনের নয়।

২০২৩ সালের পর বেশ কিছুটা সময় গড়িয়েছে। গত বছরের ৫ নভেম্বর প্রেসিডেন্ট নির্বাচন হয় আমেরিকায়। ভোটের ময়দান থেকে আগেই সরে দাঁড়িয়েছিলেন বর্ষীয়ান ডেমোক্র্যাট নেতা বাইডেন। তাঁর জায়গায় লড়াইয়ে শামিল হন মার্কিন ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস। কিন্তু নির্বাচনে রেকর্ড ভোটে জয়লাভ করেন রিপাবলিকান নেতা ডোনাল্ড ট্রাম্প। আর কয়েকদিন পরেই আনুষ্ঠানিকভাবে শপথ নেবেন তিনি।

## রাষ্ট্রপতি কেএলই ক্যান্সার হাসপাতালের উদ্বোধন করলেন

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু আজ কর্ণাটকের বেলাগাভিতে কেএলই ক্যান্সার হাসপাতালের উদ্বোধন করেছেন।

ভাষণে রাষ্ট্রপতি বলেন, বিশ্বের একটি গুরুত্বপূর্ণ সমীক্ষায় মৃত্যুর অন্যতম দূত হিসেবে ক্যান্সারের ভূমিকা প্রমাণিত। ২০২২ সালে ক্যান্সারে আক্রান্ত হয়েছেন আরও ২ কোটি মানুষ এবং মৃত্যু হয়েছে ৯৭ লক্ষ মানুষের। ভারতে প্রতি ১ লক্ষ জনের ১০০ জন ক্যান্সারে আক্রান্ত। আইসিএমআর – এর একটি সমীক্ষা মোতাবেক ২০২০-র তুলনায় ক্যান্সার আক্রান্তের সংখ্যা ২০২৫ – এ ১৩ শতাংশ বেড়ে যাবে।

রাষ্ট্রপতি বলেন, ক্যান্সার রোগীদের শারীরিক এবং মানসিক চাহিদা মেটানোয় স্বাস্থ্য কর্মীদের বিশেষ ভূমিকা রয়েছে। ক্যান্সার সম্পর্কে এবং এই রোগের চিকিৎসার বিষয়ে সচেতনতার প্রসার জরুরি। বহু সময়েই অজ্ঞতার কারণে কিংবা আর্থিক অসুবিধার জন্য ক্যান্সারের চিকিৎসা বিলম্বিত হয়। এই বিষয়টি প্রাণঘাতি হয়ে উঠতে পারে।

রাষ্ট্রপতি আরও বলেন, বহু পরিবারেই মেয়েদের তুলনায় ছেলেদের স্বাস্থ্যের প্রতি বেশি দৃষ্টি দেওয়া হয়, যা অত্যন্ত দুর্ভাগ্যজনক। এই প্রবণতা দূর করতে ব্যক্তি ও সামাজিক স্তরে উদ্যোগ প্রয়োজন বলে রাষ্ট্রপতি মনে করিয়ে দেন।

## আগামী সপ্তাহে দিল্লি বিধানসভা নির্বাচনের ঘোষণা



**ডাঃ সমরেন্দ্র পাঠক**
**সিনিয়র সাংবাদিক**

**নতুন দিল্লি, 4 জানুয়ারী, 2025 (এজেন্সি)** আগামী সপ্তাহে দিল্লি বিধানসভা নির্বাচন ঘোষণা করা হবে বলে আশা করা হচ্ছে। নির্বাচন কমিশন এর জন্য সমস্ত প্রস্তুতি সম্পন্ন করেছে কেন্দ্রের ক্ষমতাসীন বিজেপি আজ 29 জন প্রার্থীর প্রথম তালিকা প্রকাশ করেছে।

আজ এ তথ্য জানিয়ে কমিশন সূত্র জানায়, পরশু চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের সঙ্গে সঙ্গে সব প্রস্তুতি সম্পন্ন করা হবে। নির্বাচনের প্রস্তুতি নিয়ে গত শুক্রবার কমিশন বৈঠক করেছে এর আগেও কয়েক দফা বৈঠক হয়েছে।

সূত্র জানায়, যেকোনো পরিস্থিতিতে আগামী মাসের মাঝামাঝি নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করার ওপর জোর দেওয়া হচ্ছে। সর্বশেষ নির্বাচন ঘোষণা করা হয় ২০২০ সালের ৬ জানুয়ারি। কমিশন যে কোনো মূল্যে দিল্লির ৭০টি আসনে অবাধ ও সুষ্ঠু নির্বাচন করতে বদ্ধপরিকর।

এদিকে রাজনৈতিক দলগুলোও তাদের চূড়ান্ত প্রার্থী তালিকার প্রস্তুতি জোরদার করেছে। দিল্লির ক্ষমতাসীন আম আদমি পার্টি ইতিমধ্যেই সব আসনে তাদের প্রার্থী ঘোষণা করেছে। বিজেপি আজই ২৯ জন প্রার্থীর প্রথম তালিকা প্রকাশ করেছে। কংগ্রেসও বেশিরভাগ আসনে প্রার্থী ঘোষণা করেছে। কয়েকদিন ধরে দলগুলোর প্রচারণাও চলছে।

নির্বাচনী কৌশলবিদদের বিশ্বাস করা হলে, এবারের দিল্লির নির্বাচন গত তিনটি নির্বাচনের থেকে আলাদা হবে বলে মনে করা হচ্ছে। 2012 সাল থেকে আপনার বিপুল সংখ্যাগরিষ্ঠতার সাথে জেতার সম্ভাবনা কম বলে মনে হচ্ছে।

(৫ পাতার পর)

## নতুন দিল্লিতে দ্বীপ উন্নয়ন সংস্থা (আইডিএ)-র সপ্তম বৈঠকে পৌরোহিত্য করেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ

উৎপাদন শতকরা ১০০ ভাগ লক্ষ্যসীমায় পৌঁছনোর উপরও জোর দেন তিনি। শ্রী শাহ কেন্দ্রীয় নব এবং পুনর্নবীকরণযোগ্য শক্তি মন্ত্রককে পিএম সূর্যঘর প্রকল্প উভয় জায়গাতেই পূর্ণমাত্রায় চালু করতে বলেন। এজন্য সমস্ত বাড়ির ছাদে তিনি সৌর প্যানেল স্থাপনেরও নির্দেশ দেন।

শ্রী শাহ বলেন, এই দুটি জায়গা দিল্লি থেকে অনেক দূরে হলেও আমাদের হৃদয়ের অত্যন্ত কাছে। পরিকাঠামো উন্নয়ন এবং পর্যটন প্রসার আমাদের সরকারের অগ্রাধিকার। মোদী সরকার এইসব দ্বীপগুলিতে ঐতিহ্যের সঙ্গে সংস্কৃতির মেলবন্ধনের পাশাপাশি উন্নয়ন কাজকে জোরদার করতে চাইছে। আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ এবং লক্ষদ্বীপে পরিকাঠামো প্রকল্পের ক্ষেত্রে সর্বাত্মক ভূমিকা নেওয়ার উপর জোর দেন তিনি। সেইসঙ্গে সংশ্লিষ্ট সমস্ত কেন্দ্রীয় মন্ত্রককে একযোগে পর্যটন, বাণিজ্য এবং অন্যান্য ক্ষেত্রে উন্নয়ন সংক্রান্ত উদ্যোগের রূপায়ণে কাজ করতে বলেন। তিনি বকেয়া সমস্ত বিষয়গুলির দ্রুত নিষ্পত্তি সহ চলতি প্রকল্পগুলি দ্রুত রূপায়ণে স্পষ্ট নির্দেশ দিয়েছেন।

## সিনেমার খবর

# আবারও সামনে সুস্মিতার পুরনো প্রেম

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**



মাঝেমধ্যেই অতীত থেকে ভেসে ওঠে বলিউড নায়ক সালমান খানের কোনো প্রেমিকা বা অনুরাগীর খবর। তেমনই একজন সাবেক মিস ইউনিভার্স অভিনেত্রী সুস্মিতা সেন। ‘ভাইজানের’ প্রতি সুস্মিতার পুরনো প্রেমের কথা আবারও সামনে এনেছে পশ্চিমবঙ্গের সংবাদমাধ্যম এই সময়।

সালমান-সুস্মিতা কাজ করেছেন ১৯৯৯ সালে ‘বিবি নম্বর ১’ সিনেমায়। যদিও ওই সিনেমা মুক্তির আরো আগে থেকেই নায়কের গুণমুগ্ধ ভক্ত ছিলেন সুস্মিতা। নায়কের প্রতি ভালোলাগা অল্পবয়সে ‘একতরফা প্রেমের’ পর্যায়ে ছিল বলেও জানিয়েছিলেন তিনি।

এই অভিনেত্রী বলেন, “আমি পকেট মানি দিয়ে সালমানের পোস্টার কিনতাম। সেই সময় ‘ম্যায়নে প্যায়ার কিয়া’ মুক্তি পেয়েছিল। তাই আমার কাছে সেই সিনেমার একটি পায়রার ছবিও রাখা ছিল। কারণ একটাই, সালমান ওই পায়রাকে ছুঁয়েছেন।" সুস্মিতার ভাষ্য, তার বাবা-মাও তার এই সালমানপ্রীতিকে ‘কাজে লাগিয়েছেন’। তিনি জানান, “আমাকে বাবা-মা ভয় দেখিয়ে বলতেন, হোমওয়ার্ক সময়মত না করলে তারা সালমানের পোস্টার ছিঁড়ে ফেলবেন। আমি ভয়ে হোমওয়ার্ক করতাম। বাসার সবার কথায় ওঠবস করেছি শুধু সালমানের পোস্টার বাঁচানোর জন্য। বাড়ি সাজানোর সময় বা রং করানোর সময়ও নিজে দাঁড়িয়ে থাকতাম, যাতে পোস্টার নষ্ট না হয়।” সুস্মিতার কথায়, “আমি মানুষটির প্রেমে পড়েছিলাম।"

সালমানের ৫৯তম জন্মবার্ষিকী গেছে গত শুক্রবার। ওই দিন সুস্মিতার মনের এই খবর তুলে ধরেছে এই সময়। ভারতের মধ্যপ্রদেশের ইন্দোরে ১৯৬৫ সালের ২৭ ডিসেম্বর সালমানের জন্ম। নায়কের পুরো নাম আবদুল রশিদ সেলিম সালমান খান। চিত্রনাট্যকার-প্রযোজক সেলিম খানের তিন ছেলের মধ্যে সালমান বড়।

বলিউডের ‘কাঙ্ক্ষিত ব্যাচেলর’ হিসেবে যার নাম অনেক বেশি চর্চিত। কাজের সাফল্য, একের পর এক প্রেম, আইনি জটিলতা নিয়েও সালমান আলোচনায় থাকেন বরাবর।

১৯৮৯ সালে ‘ম্যায়নে পেয়ার কিয়া’ দিয়ে সিনেমায় পা রেখেছিলেন তিনি। প্রথম সিনেমাতেই অভিনয় করেন কেন্দ্রীয় চরিত্রে। গত তিন দশকের বেশি সময়ে একশর বেশি সিনেমা করেছেন সালমান। আগামী বছর রোজার ঈদের দিন মুক্তি পাবে তার পরবর্তী সিনেমা ‘সিকান্দার’।

# ২০২৪ সালে যে শিক্ষা পেলেন মালাইকা



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

চলতি বছরে নানান চড়াই-উতরাই পার করেছেন বলিউড অভিনেত্রী মালাইকা অরোরা। ঝড়ঝাপ্টার মধ্যে দিয়ে কাটিয়েছেন তিনি। প্রথমে দীর্ঘ ৫ বছরের সম্পর্কে বিচ্ছেদ, সবশেষ বাবার মৃত্যু। এসব ছাড়াও একাধিক ঘটনা ঘটে গেছে মালাইকার জীবনে। তার পরেও ঘুরে দাঁড়াতে হবে। এগিয়ে যেতে হবে সামনের দিকে। বছর শেষে এমনই নানা উপলব্ধির কথা জানিয়েছেন মালাইকা।

অর্জুন কাপুরের সঙ্গে বিচ্ছেদ প্রসঙ্গে মুখে একেবারে কুলুপ মালাইকার। অভিনেতা যদিও জানিয়েছেন তিনি ‘সিঙ্গেল’। তবে মালাইকা স্পষ্ট জানিয়ে দিয়েছেন, ব্যক্তিগত জীবনের ওঠাপড়া নিয়ে জনসমক্ষে কথা বলবেন না তিনি।

কিন্তু তার ইনস্টাগ্রামের পাতায় ভেসে উঠেছে একের পর এক ইঙ্গিতপূর্ণ পোস্ট। ২০২৪ শেষ হওয়ার আগেও ফের এমন একটি পোস্ট করলেন অভিনেত্রী-মডেল মালাইকা।

আরো পড়ুন: টম অ্যান্ড জেরি’র নকল ‘পুষ্পা টু


তিনি লিখেছেন, ২০২৪, আমি তোমাকে ঘৃণা করি না। কিন্তু তুমি আমার জন্য খুব কঠিন হয়ে উঠেছিলে। বহু চড়াই উতরাই এসেছে তোমার সময়ে। কত পরিবর্তনও এসেছে। অনেক কিছু শিখেছিও। তুমি দেখিয়েছো, চোখের পলকে জীবন বদলে যেতে পারে। ২০২৪, তুমিই শিখিয়েছো, নিজের উপর বিশ্বাস রাখা কতটা জরুরি।

সবচেয়ে বড় শিক্ষা এই বছরেই পেয়েছেন মালাইকা। তার কথায়, তুমিই বুঝিয়েছো, সবার উপরে স্বাস্থ্য। সেটা মানসিক স্বাস্থ্য, শারীরিক স্বাস্থ্যও হতে পারে। সবটাই গুরুত্বপূর্ণ। তবে এখনও কিছু বিষয় রয়েছে যা আমি বুঝে উঠতে পারিনি। কিন্তু আমার বিশ্বাস, সময়ের সঙ্গে আমি সবটাই বুঝব। আমি বুঝতে পারব, কিছু ঘটনা কেন ঘটে গেল।

মালাইকার এই পোস্ট দেখে নেটিজেনদের ধারণা, এই পোস্টের নিশানাতেও রয়েছেন অর্জুনই। তবে আসল সত্যি কোনটা, তা সময়ই বলে দিবে।

# চলছে স্বস্তিকার লড়াই

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**



বহু আগেই নিজেকে প্রমাণ করেছেন স্বস্তিকা মুখার্জি। অভিনয়ের পাশাপাশি তার ব্যক্তিত্বেরও বহু অনুরাগী রয়েছেন। ২৪ বছরের অভিনয়ের অভিজ্ঞতা থাকলেও এখনও অডিশন দেন অভিনেত্রী। তা নিয়ে কোনও রাখঢাকও নেই তার। গর্ব করে নিজেই জানালেন অডিশন দেওয়ার কথা।

স্বস্তিকা নিজেই সামাজিক যোগাযোগ মাধ্যমে লিখেছেন, ‘২৪ বছর কাজ করার পরে এখনও অডিশনে যাই। আমার কৌতূহলী ও আগ্রহী মনকে ধন্যবাদ। খুব অল্প বয়সেই নিজের প্রসাধনী করা শিখেছি। মাকে ধন্যবাদ মাত্র এক মিনিটে শাড়ি পরা শেখানোর জন্য।’

টলিপাড়ার পাশাপাশি মুম্বাইয়ে একের পর এক কাজ করেছেন স্বস্তিকা। এই অডিশনও মুম্বাইয়ে কোনও কাজের জন্যই। অভিনেত্রীর কথায়, ‘এই শহর মাটিতে পা রাখতে শেখায়। প্রত্যেক অভিনেতাকে তাদের ফাঁপা অহঙ্কার (ইগো) ছেড়ে আসতে হয় ভাল কাজ ও চরিত্রে সুযোগ পাওয়ার জন্য। সেই কাজ সাফল্যের সঙ্গে সম্পন্ন করার পরে উজ্জ্বল তারার মতো চমকায়।”

নিজের বিষয়ে স্বস্তিকা বলেন, “মাত্র ২০-২১ বছর বয়সে আমি কাজ শুরু করেছিলাম। ৪৪ বছর বয়সেও অন্য শহরে চেষ্টা করে যাচ্ছি। এই শহরটাও আমার ঘরের মতো হয়ে গিয়েছে। আমার অভিধানের প্রিয় শব্দ অধ্যবসায়।”

স্বস্তিকাকে শেষ দেখা গিয়েছে সৃজিত মুখোপাধ্যায়ের ছবি ‘টেক্কা’-তে।

# একদিনেই ১৫ উইকেটের পতন, রোমাঞ্চের অপেক্ষায় সিডনি

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

বোর্ডার-গাভাস্কার সিরিজের পঞ্চম টেস্টের দ্বিতীয় দিন ১৫ উইকেটের পতনে রোমাঞ্চের অপেক্ষায় সিডনি। এই ম্যাচে ভারতের সামনে রয়েছে সিরিজ ড্রয়ের সুযোগ। অপরদিকে ঘরের মাঠে আবারও নিজেদের শ্রেষ্ঠত্বের প্রমাণ অস্ট্রেলিয়ার সামনে।

শনিবার সিডনি টেস্টের দ্বিতীয় দিন শেষে ৬ উইকেট হারিয়ে ১৪১ রান সংগ্রহ করেছে ভারত। এতে দ্বিতীয় দিন শেষে তাদের লিড ১৪৫ রান।

প্রথমদিন ১১ এবং আজ দ্বিতীয় দিন উভয় দল ১৫ উইকেট হারিয়েছে। যেখানে প্রথম ইনিংসে ভারত ১৮৫ রানে গুটিয়ে যাওয়ার পর, অস্ট্রেলিয়া অলআউট হয়েছে ১৮১ রানে। ফলে সফরকারীরা ৪ রানের লিড পায়।

এক উইকেটে ৯ রান নিয়ে আজ দ্বিতীয় দিনের খেলা শুরু



করেছিল অস্ট্রেলিয়া। সকালে সুবিধা করতে পারেননি অজি ব্যাটাররা। ভারতীয় বোলারদের পেসে রীতিমতো পুড়েছেন অজিরা।

মাত্র ২ রান করে ফেরেন গতকালের অপরাজিত ব্যাটার মার্নাস ল্যাবুশেন। এরপর স্টিভেন স্মিথকে সঙ্গে নিয়ে জুটি গড়ার চেষ্টা করেন স্যাম কনস্টাস। কিন্তু ২৩ রান করে সিরাজের শিকারে পরিণত হন এই ওপেনার। এরপর হেডকেও ফেরান সিরাজ। তাতে ৩৯ রানে ৪ উইকেট হারায় অজিরা।


দলের এমন বাজে অবস্থায় হাল ধরেন স্মিথ ও বো ওয়েবস্টার। দু'জনের ৫৫ রানের জুটিতে ঘুরে দাঁড়ানোর আভাস দেয় অস্ট্রেলিয়া। কিন্তু স্মিথ ৩৩ রান করে বিদায় নিলে আবারও ধস নামে তাদের ব্যাটিংয়ে।

মিডল অর্ডার ও লোয়ার মিডল অর্ডারের ব্যাটাররা ছিলেন আসা-যাওয়ার মাঝে। একমাত্র ওয়েবস্টার ছিলেন ব্যতিক্রম। তিনি পেয়েছেন ফিফটির দেখা। ১০৫ বলে ৫৭ রান করেছেন তিনি। তার গুরুত্বপূর্ণ এই ইনিংসে ভর করেই ম্যাচে টিকে আছে অস্ট্রেলিয়া। যদিও ৪ রানের লিড পেয়েছে ভারত।

লিড নিয়েও বেশি দূর যেতে পারেনি সফরকারী ভারত। দলীয় ৭৮ রানে ৪ উইকেট হারায়৷ সফরকারীরা। এরপর মাঝে ঝড়ো ইনিংস খেলেন ঋশভ পন্থ। ৪ ছয় ও ৬ চারে তিনি ৩৩ বলে ৬১ রান করে সাজঘরে ফিরেন। দিন শেষে ৬ উইকেট হারিয়ে ১৪১ রান সংগ্রহ করেছে ভারত।

অস্ট্রেলিয়ার পক্ষে স্কট বোলান্ড একাই নিয়েছেন ৪ উইকেট।

# নিউক্যাসলের কাছে হারল ম্যানচেস্টার ইউনাইটেড



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

হারের বৃত্ত থেকে বের হতে পারছে না ম্যানচেস্টার ইউনাইটেড। সোমবার (৩০ ডিসেম্বর) ঘরের মাঠে নিউক্যাসলের কাছে দুই গোল হজম করে ম্যানইউ। ম্যাচের মাত্র চার মিনিটেই ইসাকের গোলে লিড নেয় নিউক্যাসল। এরপর ১৯ মিনিটেই সেই ব্যবধান দ্বিগুণ করেন জোলিনটন। এরপর আর গোলের দেখা না পাওয়া গেলে ২-০ ব্যবধানে জয় নিয়ে মাঠ ছাড়ে নিউক্যাসল।


ম্যাচের চতুর্থ মিনিটে গোলের সূচনা করেন ইসাক। ম্যাচের ১৯তম মিনিটে অ্যান্টনি গর্ডনের ক্রস থেকে হেডে গোল করেন জোলিন্টন। এরপর একের পর এক আক্রমণ করে যায় আমোরিমের দল। তবে ভালো সুযোগ তৈরি করেও গোলের দেখা পায়নি তারা। যা এই মাসে প্রিমিয়ার লিগে তাদের ৫ম হার।

আর এতেই ইউনাইটেডের ড্রেসিংরুমে ফিরে এল ৬২ বছরের পুরাতন এক লজ্জা। প্রায় ৬২ বছর পর প্রথমবারের মতো এক মাসে পাঁচ লিগ ম্যাচ হারলো রেড ডেভিলরা। শেষবার ম্যান ইউনাইটেড এক মাসে পাঁচ লিগ ম্যাচ হেরেছিল ১৯৬২ সালে। আর প্রতিপক্ষ নিউক্যাসেলের সঙ্গে রেকর্ড বিবেচনায় করলে ৩৯ ম্যাচ ও ১১ বছর পর নিউক্যাসল ইউনাইটেডের বিপক্ষে ওল্ড ট্র্যাফোর্ডে হারের মুখ দেখলো রুবেন আমোরিমের ম্যানচেস্টার ইউনাইটেড।

লজ্জার রেকর্ডের পরিসংখ্যান এখানেই শেষ হচ্ছে না তাদের। চলতি বছর ইউনাইটেড শেষ করছে লিগে ১৯ পয়েন্ট নিয়ে। ১৯৮৯ সালের পর বছরের হিসেবে এটিই তাদের সবচেয়ে বাজে অবস্থান। সেবারে ইউনাইটেড বছরকে বিদায় জানায় ১৫তম স্থানে থেকে।

আগামী রবিবার (৫ জানুয়ারি) লিভারপুলের মুখোমুখি হবে ম্যানইউ। ১৯ ম্যাচে ২২ পয়েন্ট নিয়ে টেবিলের ১৪তম স্থানে ম্যানচেস্টার ইউনাইটেড। সমান ম্যাচে ৩২ পয়েন্ট নিয়ে টেবিলের পাঁচে নিউক্যাসল।

# ক্রমশ বাড়তে থাকা সেই অনিশ্চয়তা নিয়ে চিন্তিত নন সালাহ



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

বছরের শেষ ম্যাচে গত রবিবার ওয়েস্ট হ্যাম ইউনাইটেডকে ৫-০ গোলে গুঁড়িয়ে দেয় লিভারপুল। এই জয়ের পথে একটি গোল করার পাশাপাশি সতীর্থের দুটি গোলে অবদান রাখেন মোহামেদ সালাহ। এতে লিগ টেবিলে দ্বিতীয় স্থানে থাকা দলের চেয়ে ৮ পয়েন্টে এগিয়ে গেছে আর্না স্লটের দল।

আগামী ৩০ জুন লিভারপুলের সঙ্গে চুক্তির মেয়াদ শেষ হবে সালাহর। নিয়ম অনুযায়ী, বুধবার (১ জানুয়ারি) থেকে ইংল্যান্ডের বাইরের যেকোনো ক্লাবের সঙ্গে আলোচনা শুরু করতে পারবেন সালাহ। আর আগামী ৩০ জুনের পর ফ্রি এজেন্ট হয়ে যাবেন তিনি।

লিভারপুলের তার দুই সতীর্থ ডিফেন্ডার ভার্জিল ফন ডাইক ও ট্রেন্ট অ্যালেকজ্যান্ডার-আর্নল্ডও তাদের চুক্তির শেষ ৬ মাসে প্রবেশ করছেন। তবে দিন দিন বাড়তে থাকা অনিশ্চয়তা নিয়ে তেমন চিন্তিত নন সালাহ। আর সেটা তার ধারাবাহিক দারুণ পারফরম্যান্সেই প্রমাণ। ওয়েস্ট হ্যাম ম্যাচ শেষে স্কাই স্পোর্টসে সেই কথাই বললেন এবারের লিগে এখন পর্যন্ত সর্বোচ্চ ১৭ গোল করা তারকা।

তিনি জানান, "না, আমরা নতুন চুক্তি করা থেকে অনেক দূরে আছি এবং আমি গণমাধ্যমে এসব নিয়ে কথা বলতে চাই না। আমার ভাবনাজুড়ে কেবল একটা বিষয়ই কাজ করছে, আর সেটা হলো আমি চাই, লিভারপুল যেন লিগ শিরোপা জেতে এবং আমি তার অংশ হতে চাই। দলকে শিরোপা জেতাতে আমি আমার সবটুকু করব। দিনশেষে, আমি তো এখানে সাফল্য পাওয়ার লক্ষ্যেই এসেছি, আমি এই খেলাই কিছু করতে চেয়েছিলাম, আমি সববসময় (আরও সাফল্যের জন্য) ক্ষুধার্ত।"

লিগে ১৮ ম্যাচে ১৪ জয় ও তিন ড্রয়ে ৪৫ পয়েন্ট নিয়ে শীর্ষে আছে লিভারপুল। এক ম্যাচ বেশি খেলে ৩৭ পয়েন্ট নিয়ে দুইয়ে নটিংহ্যাম ফরেস্ট।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR